Edit with WPS Office

বেথুয়াডহরী কলেজ

বেথুয়াডহরী, নদীয়া

২৭-০৯-২০২০

বিএ/বিকম পার্ট-থ্রি অনার্স ও জেনারেল পরীক্ষা, ২০২০ সম্বন্ধে জ্ঞাতব্য কিছু বিষয়

১। আগামী ১লা অক্টোবর ২০২০ তারিখ থেকে বিশ্ববিদ্যালয়ের ঘোষিত নির্ঘন্ট অনুযায়ী বিএ/বিকম অনার্স পরীক্ষা শুরু হবে এবং জেনারেল পরীক্ষা শুরু হবে আগামী ০৯/১০/২০২০ তারিখ থেকে। প্র্যাক্টিক্যাল পরীক্ষা হবে আগামী ১৫/১০/২০২০ এবং ১৬/১০/২০২০ তারিখে। সকল পরীক্ষাই পরীক্ষার্থীরা বাড়িতে বসে পরীক্ষা দেবে, বিশ্ববিদ্যালয় প্রদত্ত সময়সীমা মেনে।

২। পরীক্ষার্থীরা নিজেদের রোল নম্বর ও রেজিস্ট্রেশন নম্বর জানতে পারবে কলেজ ওয়েবসাইট থেকে যা গতকাল ২৬-০৯-২০২০ তারিখে একটি পিডিএফ ফাইলে আপলোড করা হয়েছে।

৩। পরীক্ষার দিন পরীক্ষা শুরুর একঘন্টা আগে থেকে পরীক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট এবং কলেজের ওয়েবসাইট থেকে নিজেদের প্রশ্নপত্র ডাউনলোড করতে পারবে।

৪। প্রশ্নপত্র পেয়ে ঠান্ডা মাথায় উত্তর লিখতে শুরু করবে পরীক্ষা শুরুর সময়ে। উত্তর লেখার সময় যতটা সম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে। পরীক্ষার্থীরা উত্তর লিখবে এ-৪ সাইজের সাদা পাতায়।পাতার একপিঠে লিখলে স্ক্যান করতে ও গোছাতে সুবিধা হবে। প্রতিটি পাতায় পরীক্ষার্থীর বৈধ রোল নম্বর ও রেজিস্ট্রেশন নম্বর, বিষয়(সাবজেক্ট) ও পত্র (পেপার) স্পষ্ট করে লিখে তারপর উত্তর লেখা শুরু করবে। পরীক্ষায় ব্যবহৃত প্রতিটি এ-৪ সাইজের পাতায় পৃষ্ঠা নম্বর দিতে যেন ভুল না হয়।

৫। নির্দিষ্ট সময়ে পরীক্ষা শেষ হবে। তৎক্ষণাৎ লেখা বন্ধ করে লেখা পাতাগুলি স্ক্যান করা শুরু করতে হবে। যাদের স্ক্যানার আছে তারা সেই মেশিনে স্ক্যান করে সমস্ত পাতাগুলো একটি পিডিএফ ফাইলে ঢুকিয়ে সেটি প্রদত্ত ই-মেইলএ পাঠিয়ে দেবে। বারবার দেখে নেবে যে ই-মেইলে পাঠাতে বলা হয়েছে সেখানেই পাঠানো হল কিনা। এক্ষেত্রে নিজেদের আন্দাজ, অনুমান বা স্মৃতিশক্তির উপর নির্ভর না করে কলেজ ওয়েবসাইটে প্রদত্ত ই-মেইলটি দেখে দেখে টাইপ করে সেন্ড করবে। যাদের স্ক্যানার নেই কিন্তু অ্যান্ড্রয়েড ফোন আছে তারা অ্যাডোব স্ক্যানার অ্যাপটি ডাউনলোড করে তার সাহায্যে নির্দিষ্ট ই-মেইলে উত্তরপত্র পাঠাবে। আর যারা একান্তভাবেই সাইবার ক্যাফের উপর নির্ভরশীল তারা অতি সত্ত্বর সেখানে গিয়ে নিজেদের উত্তরপত্র নির্দিষ্ট ই-মেইলে পাঠানোর ব্যবস্থা করবে। পরীক্ষা শেষ হওয়ার নির্ধারিত সময়ের দুই ঘন্টার মধ্যে উত্তরপত্র ই-মেইলে পাঠাতে হবে।পরীক্ষার্থীরা যেন খুব ভালো করে দেখে নেয় যে উত্তরপত্রের পিডিএফ ফাইলটি ঠিকঠাক অ্যাটাচড হয়েছে কিনা এবং সঠিক ই-মেইলে সেটি প্রেরিত হয়েছে কিনা। কোন মতেই একজন পরীক্ষার্থী একই উত্তরপত্র একাধিকবার ও একাধিক জনের কাছে পাঠাবে না।

৬। নেটওয়ার্ক না থাকায় বা অনতিক্রম্য কোন কারণে কেউ পরীক্ষা শেষ হয়ে যাওয়ার দুই ঘন্টা অতিক্রম করে গেলেও নিজের উত্তরপত্র নির্দিষ্ট ই-মেইলে পাঠাতে অক্ষম হয় তাহলে সে বা তার স্বাক্ষরিত বকলমা নিয়ে কোন প্রতিনিধি পরের দিন কলেজে এসে একটি রেজিস্টারে সই করে উত্তরপত্র রাখার নির্দিষ্ট বাক্সে সেটি ফেলে দিয়ে যাবে। উত্তরপত্র একটি মুখবন্ধ খামের ভেতরে পুরে খামের উপরে পরীক্ষার্থীর বৈধ রোল নম্বর ও রেজিস্ট্রেশন নম্বর, বিষয়(সাবজেক্ট) ও পত্র (পেপার) স্পষ্ট করে লিখে দিতে হবে। মনে রাখতে হবে বিষয় অনুযায়ী বাক্স আলাদা রাখা হবে। সঠিক বাক্সে ফেলার দায়িত্ব

Edit with WPS Office

সংশ্লিষ্ট পরীক্ষার্থী বা তার প্রতিনিধির। কলেজে বাক্স রাখা থাকবে বেলা বারোটা থেকে দুটো পর্যন্ত।

৭। নির্দিষ্ট সময় পেরিয়ে গেলে কোন পরীক্ষার্থীর কাছ থেকে কোন উত্তরপত্র কলেজ জমা নেবেনা। ছাত্রছাত্রীরা কলেজের গেটে রাখা বাক্সেই উত্তরপত্র জমা দেবে। কলেজ চত্বরে তাদের ঢুকতে দেওয়া হবেনা। কলেজ গেটেও অযথা ভিড় করা চলবে না। সামাজিক-দৈহিক দূরত্ববিধি কঠোরভাবে পালন করে চলতে হবে।

৮। প্রাক্টিক্যাল পরীক্ষার বিষয়ে বিশদ জানার জন্য বিভাগীয় অধ্যাপকদের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখার পরামর্শ দেওয়া হচ্ছে।

৯। পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলী, নির্ঘন্ট বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি কলেজ ওয়াবসাইটে দেওয়া আছে। সেটি অনুসরণ করা আবশ্যক। সরকার ও বিশ্ববিদ্যালয়ের তরফে কোন নতুন নির্দেশ এলে উপরোক্ত নিয়মাবলীর আংশিক কিংবা সম্পূর্ণ পরিবর্তন ঘটতে পারে।

১০। পরীক্ষার নিয়ম বিষয়ক কোন রকম অস্পষ্টতা থাকলে নিজ নিজ বিভাগীয় অধ্যাপকদের ফোন করে জেনে নেবে। এছাড়া হেল্পলাইন হিসাবে অধ্যাপক তপন কুমার পান্ডে(9434124873), অধ্যাপক আশিস কুমার সন্নিগ্রাহী(9434199212), অধ্যাপক ডঃ স্বপন কুমার মন্ডল(9434420615), অধ্যাপক শ্রী তরুণ কান্তি কুমার(9474419743), অধ্যাপক ডঃ অলক কুমার দাস(9477589473), অধ্যাপক শ্রী রনি সরকার(9933055245), অধ্যাপক মির্জা হাসান আলম(9734526017), অধ্যাপক শ্রী সঞ্জয় ঘোষ(9932906363), অধ্যাপিকা শ্রীমতী সৌপর্ণা বিশ্বাস(9474740601),অধ্যাপিকা মৌমিতা রায়(8926969982) এবং শ্রী বিশ্বজিৎ সরকার(9733636309) ও শ্রী সুরজিত সেনের(8640955884) সঙ্গে যোগাযোগ করতে পারো।

ক্রমিক নং	তারিখ	প্রশ্নপত্র ডাউনলোড করার সময়	পরীক্ষার সময়	বিষয়	কোন ই-মেইল আইডিতে পাঠাতে হবে? পরীক্ষা শেষের দুই ঘন্টার মধ্যে পাঠাতে হবে।	বিকল্প ব্যবস্থা কি হতে পারে?
১।	০১-১০-২০২০	১১টা থেকে ১২টা পর্যন্ত	১২টা থেকে ৪টা পর্যন্ত	বাংলা	bngh5@bethuacollege.in	পরের দিন কলেজ গেটে রক্ষিত নিজের বিষয়ের বাক্সে উত্তরপত্র জমা দিতে হবে বেলা বারোটা থেকে দুটোর মধ্যে।
				ইতিহাস	hish5@bethuacollege.in	
				ভূগোল	geoh7@bethuacollege.in	
				রাষ্ট্রবিজ্ঞান	plsh5@bethuacollege.in	
				কমার্স	comh@bethuacollege.in	

Edit with WPS Office

২।	০৩-১০-২০২০	১১টা থেকে ১২টা পর্যন্ত	১২টা থেকে ৪টা পর্যন্ত	বাংলা	bngh6@bethuacollege.in	পরের দিন কলেজ গেটে রক্ষিত নিজের বিষয়ের বাক্সে উত্তরপত্র জমা দিতে হবে বেলা বারোটা থেকে দুটোর মধ্যে।
				ইতিহাস	hish6@bethuacollege.in	
				ভূগোল	geoh8@bethuacollege.in	
				রাষ্ট্রবিজ্ঞান	plsh6@bethuacollege.in	
				কমার্স	comh@bethuacollege.in	
৩।	০৫-১০-২০২০	১১টা থেকে ১২টা পর্যন্ত	১২টা থেকে ৪টা পর্যন্ত	বাংলা	bngh7@bethuacollege.in	পরের দিন কলেজ গেটে রক্ষিত নিজের বিষয়ের বাক্সে উত্তরপত্র জমা দিতে হবে বেলা বারোটা থেকে দুটোর মধ্যে।
				ইতিহাস	hish7@bethuacollege.in	
				ভূগোল	geoh9@bethuacollege.in	
				রাষ্ট্রবিজ্ঞান	plsh7@bethuacollege.in	
				কমার্স	comh@bethuacollege.in	
৪।	০৭-১০-২০২০	১১টা থেকে ১২টা পর্যন্ত	১২টা থেকে ৪টা পর্যন্ত	বাংলা	bngh8@bethuacollege.in	পরের দিন কলেজ গেটে রক্ষিত নিজের বিষয়ের বাক্সে উত্তরপত্র জমা দিতে হবে বেলা বারোটা থেকে দুটোর মধ্যে।
				ইতিহাস	hish8@bethuacollege.in	
				রাষ্ট্রবিজ্ঞান	plsh8@bethuacollege.in	
				কমার্স	comh@bethuacollege.in	
৫।	০৯-১০-২০২০	৯টা থেকে ১০টা পর্যন্ত	১০টা থেকে ১টা পর্যন্ত	রাষ্ট্রবিজ্ঞান	plsg4@bethuacollege.in	পরের দিন কলেজ গেটে রক্ষিত নিজের বিষয়ের বাক্সে উত্তরপত্র জমা দিতে হবে বেলা বারোটা থেকে দুটোর মধ্যে।

Edit with WPS Office

		১টা থেকে ২টো পর্যন্ত	২টো থেকে ৫টা পর্যন্ত	ফিজিক্যাল এডুকেশন	pedg4@bethuacollege.in	
৬।	১০-১০-২০২০	৯টা থেকে ১০টা পর্যন্ত	১০টা থেকে ১টা পর্যন্ত	ইংরাজি	engg4@bethuacollege.in	পরের দিন কলেজ গেটে রক্ষিত নিজের বিষয়ের বাক্সে উত্তরপত্র জমা দিতে হবে বেলা বারোটা থেকে দুটোর মধ্যে।
		১টা থেকে ২টো পর্যন্ত	২টো থেকে ৫টা পর্যন্ত	সংস্কৃত	sang4@bethuacollege.in	
৭।	১২-১০-২০২০	৯টা থেকে ১০টা পর্যন্ত	১০টা থেকে ১টা পর্যন্ত	বাংলা	bngg4ad@bethuacollege.in (নামের অক্ষর A-D) bngg4em@bethuacollege.in (নামের অক্ষর E-M) bngg4nr@bethuacollege.in (নামের অক্ষর N-R) bngg4s@bethuacollege.in (Male S) bngg4sz@bethuacollege.in (Female S, নামের অক্ষর T-Z)	পরের দিন কলেজ গেটে রক্ষিত নিজের বিষয়ের বাক্সে উত্তরপত্র জমা দিতে হবে বেলা বারোটা থেকে দুটোর মধ্যে।
৮।	১৩-১০-২০২০	৯টা থেকে ১০টা পর্যন্ত	১০টা থেকে ১টা পর্যন্ত	ফিলজফি	phig4@bethuacollege.in	
৯।	১৪-১০-২০২০	৯টা থেকে ১০টা পর্যন্ত	১০টা থেকে ১টা পর্যন্ত	ইতিহাস	hisg4ad@bethuacollege.in (নামের অক্ষর A-D) hisg4em@bethuacollege.in (নামের অক্ষর E-M) hisg4nr@bethuacollege.in (নামের অক্ষর N-R) hisg4s@bethuacollege.in (Male S) hisg4sz@bethuacollege.in (Female S, নামের অক্ষর T-Z)	পরের দিন কলেজ গেটে রক্ষিত নিজের বিষয়ের বাক্সে উত্তরপত্র জমা দিতে হবে বেলা বারোটা থেকে দুটোর মধ্যে।

Edit with WPS Office

		১টা থেকে ২টো পর্যন্ত	২টো থেকে ৫টা পর্যন্ত	সোশিওলজি	socg4@bethuacollege.in	